

বুধবার
১০ এপ্রিল ২০১৯ ২৭ চৈত্র ১৪২৫

| সমকাল

কৃষি গবেষণা ইনস্টিটিউটে জাতিসংঘের দল

■ গাজীপুর প্রতিনিধি

জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার উচ্চ পর্যায়ের তিন সদস্যের প্রতিনিধি দল মঙ্গলবার গাজীপুরে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট পরিদর্শন করেছে। প্রতিনিধি দলে ছিলেন এফএও-এর বাংলাদেশ প্রতিনিধি রবার্ট ডি সিম্পসন, সহকারী প্রতিনিধি (প্রোগ্রাম) নুর আহমেদ খন্দকার ও জ্যেষ্ঠ উপদেষ্টা আহমেদ হোসেন খান। এ উপলক্ষে আলোচনা সভায় বক্তব্য দেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ, বৈজ্ঞানিক কর্মকর্তা ড. দিলোয়ার আহমদ চৌধুরী ও ড. মো. আইয়ুব হোসেন। পরে তারা ইনস্টিটিউটের টেক্সিকোলজি ল্যাব, আইপিএম ল্যাব, পোস্ট হারভেস্ট ল্যাব, ফার্ম মেশিনারি ল্যাব ও বায়োটেকনোলজি ল্যাব পরিদর্শন করেন।



জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার উচ্চ পর্যায়ের তিন সদস্যের একটি প্রতিনিধিদল গতকাল বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেছেন। বিজ্ঞপ্তি।

এফএও'র প্রতিনিধিদলের বারি পরিদর্শন

জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) উচ্চ পর্যায়ের তিন সদস্যের একটি প্রতিনিধিদল গতকাল বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেছেন। প্রতিনিধিদলের মধ্যে ছিলেন এফএওর বাংলাদেশ প্রতিনিধি মি. রবার্ট ডি. সিম্পসন, সহকারী প্রতিনিধি (প্রোগ্রাম) নূর আহমেদ খন্দকার ও জ্যেষ্ঠ উপদেষ্টা আহমেদ হোসেন খান।

অতিথিরা বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সদর দপ্তরের সামনে এসে 'পৌছালে তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের

মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ, পরিচালক এবং বিভাগীয় প্রধানরা। পরে সংক্ষিপ্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ। এরপর মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরেন মহাপরিচালকের দপ্তরের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. দিলোয়ার আহমদ চৌধুরী এবং ফার্ম মেশিনারি এন্ড পোস্ট হারভেস্ট প্রসেস ইঞ্জিনিয়ারিং বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আইয়ুব হোসেন। বিজ্ঞপ্তি।

